দৈনিক
ইত্তেফাক

তারিখ 05 MAY 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৬

# সৈয়দপুরে স্কুল পরিদর্শনে ইউনিসেফ প্রতিনিধি দল

■ সৈয়দপুর (নীলফামারী) সংবাদদাতা

নীলফামারীর সৈয়দপুর শহরে অবস্থিত নয়াবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয় ও সদরের গুড়গুড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় গতকাল-সোমবার দুপুরে পরিদর্শন করেছেন ইউনিসেফের একটি প্রতিনিধি দল। দলটি স্কুলের পাঠদানসহ অন্যান্য কার্যক্রম দেখে সন্তোষ প্রকাশ করেন। এই প্রতিনিধি দলে আন্তর্জাতিক দাতা ডিএফএটিডি'র আলি মো. শহিদুজ্জামান, রাইফুল জান্নাত, হিথার ম্যাকব্রাইড, ফাহমিদা শাবনাম, এডিবি প্রতিনিধি জামান মাহমুদ, ইউনিসেফ প্রতিনিধি মো. রফিকুল ইসলাম, জর্জ কাদেরী উপস্থিত ছিলেন। প্রতিনিধি দলের সাথে সৈয়দপুর উপজেলা শিক্ষা অফিসার আহসান হাবিব, নয়াবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মির্জা জহুরা আক্তার, পরিচালনা কমিটির সভাপতি ডা. মাসুদ, সৈয়দপুর প্রেসক্লাবের সহ-সাধারণ সম্পাদক এন ওমর ফারুক প্রমুখ ছিলেন।

পরিদর্শন দল শিক্ষার গুণগত মান, ভৌত অবকাঠামো, স্থানীয় জনগণের সম্পৃক্ততা প্রভৃতি বিষয়ে কার্যক্রম দেখে সন্তোষ প্রকাশ করেন।



সৈয়দপুর (নীলফামারী) : শহরের নয়াবাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ইউনিসেফ প্রতিনিধি দল —ইত্তেফাক